গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়: "মানিকগঞ্জ জেলার বাচামারা, বাহাদুরপুর ও ধুলসুরা এলাকা নদী ভাঙ্গন হতে রক্ষাকরণ" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	১২-০৬-২০২২।
সভার সময়	বেলা ১২.৫০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট ক।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব, উন্নয়ন-৩ শাখা, পাসম জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪৯৪৭.৩৫ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জানুয়ারি, ২০২১ হতে ডিসেম্বর, ২০২২ পর্যন্ত। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৯৮.০০% এবং আর্থিক অগ্রগতি ২.২৫%। অতঃপর প্রকল্প পরিচালক প্রকল্পের কার্যক্রমের সচিত্র বিবরণ উপস্থাপন করেন।

২। আলোচনা ও সিদ্ধান্তঃ

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
(ক)	প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা সভায় অবহিত করেন যে, ডিপিপি মোতাবেক প্রকল্পটি ডিসেম্বর, ২০২২ এর মধ্যে সমাপ্তির জন্য নির্ধারিত। প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১ম সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ভেরিয়েশন প্রস্তাবনা অনুমোদন করে ডিপিপির ভৌত কাজসমূহ (৩.৫৫০ কিঃমিঃ) ইতোমধ্যে সমাপ্ত করা হয়েছে। অতিরিক্ত সচিব (প্রশাসন), পানি সম্পদ মন্ত্রণালয় সভায় জানান যে, তিনি গত ২৮ মে, ২০২২ তারিখে প্রকল্প এলাকা পরিদর্শন করেন। তন্মধ্যে মানিকগঞ্জ জেলার হরিরামপুর উপজেলার বাহাদুরপুর এলাকায় বাস্তবায়িত ৪০০.০০ মিটার কাজের উজানে আরও ৪০০-৫০০মিটার অংশে Precautionary Protection কাজ বাস্তবায়ন প্রয়োজন। বিস্তারিত আলোচনা শেষে সিনিয়র সচিব মহোদয় কারিগরি কমিটি গঠনের মাধ্যমে প্রকল্পের ডিপিপি সংশোধনপূর্বক দ্রুত কাজ বাস্তবায়নের নির্দেশ দেন।	ক) কারিগরি কমিটি গঠনের মাধ্যমে প্রকল্পের আওতার বাইরের হরিরামপুর উপজেলার বাহাদুরপুর এলাকায় বাস্তবায়িত কাজের উজানে জরুরি ভাঙন এলাকা চিহ্নিতকরণ ও প্রয়োজনীয় অংশে অতিরিক্ত Precautionary Protection কাজ বাস্তবায়ন বিষয়ে বিদ্যমান বিধি বিধানের আলোকে সম্ভব কিনা সুপারিশ প্রণয়ন। খ) কারিগরি কমিটির সুপারিশ মোতাবেক প্রয়োজনে প্রকল্পের ডিপিপি সংশোধন।	পরিকল্পনা অনুবিভাগ, পাসম ও বাপাউবো

(খ)	প্রধান প্রকৌশলী আরো জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে প্রকল্পের অনুকুলে ৩.০০ কোটি টাকা আরএডিপি বরাদ্দ প্রদান করা হয়েছে। যেহেতু প্রকল্পের ভৌত কাজ (৩.৫৫০ কিঃমিঃ Precautionary Protection কাজ) সমাপ্ত হয়েছে সেহেতু প্রকল্পের অনুকুলে অবশিষ্ট ৪৬.০০ কোটি টাকা চলতি ২০২১-২২ অর্থ বছরে বরাদ্দ প্রদান করা প্রয়োজন।	জুন, ২২ এর মধ্যে প্রকল্পের অনুকুলে অবশিষ্ট ৪৬.০০ কোটি টাকা বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিকল্পনা উইং, পাসম ও বাপাউবো
(গ)	পানি সম্পদ মন্ত্রণালয়ের যুগ্মসচিব, উন্নয়ন-২ অধিশাখা সভায় জানান, প্রকল্পের Inventory তৈরির লক্ষ্যে বাস্তবায়নাধীন কাজসমূহের ড্রোন ভিডিও এবং ছবি সংরক্ষণ করতে হবে এবং প্রাক্কলনে এ খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ রাখতে হবে।	প্রকল্পের Inventory তৈরির লক্ষ্যে বাস্তবায়নাধীন কাজসমূহের ড্রোন ভিডিও এবং ছবি সংরক্ষণ করতে হবে এবং প্রাক্কলনে এ খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ রাখতে হবে।	পরিকল্পনা উইং, পাসম ও প্রকল্প পরিচালক

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০০৩.২১-২৫৬

তারিখ: ২০ আষাঢ় ১৪২৯
০৪ জুলাই ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: যুগ্মসচিব)।
২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সেচ উইং)।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৮) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১১) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
১২) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৩) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৪) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৫) প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৬) প্রধান প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৭) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৮) উপপ্রধান, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৯) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২০) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২১) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অঃ দাঃ), ঢাকা পওর সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
২৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২৪) নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "মানিকগঞ্জ জেলার বাচামারা, বাহাদুরপুর ও ধুলসুরা এলাকা নদী ভাঙন হতে রক্ষাকরণ" শীর্ষক প্রকল্প, মানিকগঞ্জ পওর বিভাগ, বাপাউবো, মানিকগঞ্জ।
২৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
২৬) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
২৭) উপবিভাগীয় প্রকৌশলী, মানিকগঞ্জ পওর বিভাগ, বাপাউবো, মানিকগঞ্জ।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব